



## শিক্ষার্থীর মৃত্যুতে শোক সভা



গত ১৮ ডিসেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের (১৩তম ব্যাচের) শিক্ষার্থী সাবরিনা আক্তার নোয়াখালী থেকে ঢাকায় আসার পথে সোনাইমুড়ীতে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। এই পরিপ্রেক্ষিতে ২২ ডিসেম্বর ২০২১, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ছাত্র কল্যাণ দপ্তরের আয়োজনে এক শোক সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, পরিচালক (ছাত্র-কল্যাণ), প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।